64

তারিখ 04 JUN 1992
পৃষ্ঠা 2 কলাম 7

# বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে চাঁদাবাজদের গুলী ।। ঠিকাদার জখম

।। স্টাফ রিপোর্টার ।।

চাঁদা দিতে অস্বীকৃতি জানালে একদল যুবক গতকাল বুধবার একজন ঠিকাদারকে লক্ষ্য করে গুলী ছোঁড়ে। এতে ঠিকাদার পায়ে গুলীবিদ্ধ হয়। বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এ ঘটনা ঘটে। গুলী করার পর চাঁদাবাজরা সূর্যসেন হলের দিকে পালিয়ে গেছে।

বেলা সাড়ে এগারোটার দিকে অজ্ঞাতনামা ঐ ঠিকাদার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে আসলে একদল সশস্ত্র যুবক তাকে ঘিরে ধরে। ঠিকাদারের কাছে তারা চাঁদা দাবী করলে তিনি চাঁদা দিতে অস্বীকৃতি জানায়। এক পর্যায়ে তারা ঠিকাদারকে লক্ষ্য করে পর পর দু'রাউন্ড গুলীবর্ষণ করে। এতে ঐ ব্যক্তির পায়ে গুলীবিদ্ধ হয়েছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে। গুলীর শব্দে প্রশাসনিক ভবনসহ আশেপাশের এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। সাধারণ ছাত্র-ছাত্রীরা এদিক ওদিক ছোটাছুটি করতে থাকে। পরে ঐ অস্ত্রধারী যুবকরা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের দিকে পালিয়ে যায়।

পুলিশ জানিয়েছে, গুলীর শব্দ শোনার সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে ঐ আহত ব্যক্তিকে পাওয়া যায়নি। তবে প্রত্যক্ষদর্শীরা তাদেরকে ব্যাপারটি জানিয়েছে।